দৈনিক ইনকিলাব

তারিখ JAN. 26 1999
পৃষ্ঠা ৩ কলাম ৩

93

# তেজগাঁও কলেজের প্রিন্সিপালের অপসারণ দাবীতে শিক্ষক-শিক্ষার্থী প্রতিবাদমুখর

স্টাফ রিপোর্টার ঃ তেজগাঁও কলেজের অবৈধ প্রিন্সিপাল জনাব আব্দুর রশিদের অপসারণের দাবীতে কলেজের ছাত্রছাত্রী, অধ্যাপক-অধ্যাপিকা ও সাবেক ছাত্র নেতৃবৃন্দ প্রতিবাদমুখর হয়েছে। ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে গতকাল সমাবেশ ও মিছিল করেছে। সন্ত্রাসীরা মিছিল লক্ষ্য করে বোমা নিক্ষেপ করেছে। প্রিন্সিপালের অপসারণের দাবীতে অধ্যাপক-অধ্যাপিকা এবং সাবেক ছাত্র নেতৃবৃন্দ পৃথক পৃথক বিবৃতি দিয়েছেন। বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা প্রিন্সিপালের অপসারণের প্রতিবাদে এবং তাদের মিছিলকে লক্ষ্য করে বোমা হামলাকারীদের অবিলম্বে গ্রেফতারের দাবী করেছে।

জনাব আতিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে বক্তব্য রাখেন তহীদুল ইসলাম, আমির হোসেন, আফজাল হোসেন, তাহমিনা খান, শরীফুল ইসলাম প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন, ইন্টারভিউ বোর্ডের সিদ্ধান্ত পরিবর্তন করে বোর্ডের সভাপতি এইচবিএম ইকবাল নতুন করে একতরফা সিদ্ধান্ত মতে জনাব তোফায়েল আহমেদ এর স্থলে শহীদুল আলম চৌধুরীকে নিয়োগদান না করে ইকবালের তল্পিবাহক আব্দুর রশিদকে প্রিন্সিপাল হিসেবে নিয়োগ দান করে তেজগাঁও কলেজকে কলংকিত করেছে। তাই কলেজ বাঁচাতে আব্দুর রশিদকে অপসারণ করতে হবে।

## অধ্যাপক-অধ্যাপিকাদের বিবৃতি

তেজগাঁও কলেজের অধ্যাপক মনিরুল ইসলাম, অধ্যাপক আহমেদ ফারুক, অধ্যাপক আব্দুল বাকী, অধ্যাপক আব্দুল হালিম, অধ্যাপক আব্দুল মান্নান, অধ্যাপক আলী আক্কাস, অধ্যাপক মনির হোসেন, অধ্যাপক শেখ কোহিতুল আলম, অধ্যাপক শহীদুল আলম, অধ্যাপক শহীদুল ইসলাম, অধ্যাপিকা হাফিজা বেগম, অধ্যাপিকা রাহেলা বেগম, অধ্যাপক হেলাল উদ্দিন, অধ্যাপিকা জাকিয়া বেগম, অধ্যাপিকা শামছুন্নাহার, অধ্যাপক ছাদেক হোসেন, অধ্যাপক মীর দেলোয়ার হোসেন, অধ্যাপিকা রাহেনুর রহমান, অধ্যাপক ইসরাত আলী, অধ্যাপিকা নাজমা বেগম এক বিবৃতিতে বলেন, কলেজ সভাপতি ডাঃ এইচবিএম ইকবাল কলেজের একজন জুনিয়র অধ্যাপক ও জামালপুর জেলা আওয়ামী লীগ নেতা আব্দুর রশিদকে তেজগাঁও কলেজের মত একটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রিন্সিপাল নিয়োগ করায় তারা মর্মাহত। বিবৃতিতে তারা অবিলম্বে জনাব আব্দুর রশিদকে প্রিন্সিপাল পদ থেকে অপসারণ করে কলেজের ঐতিহ্য রক্ষায় সিনিয়র অধ্যাপক ও অধ্যাপিকাদের মধ্য থেকে একজন প্রিন্সিপাল নিয়োগ করার জন্য জনাব ইকবালের প্রতি দাবী জানিয়েছেন। অন্যথায় কলেজে যে কোন বিশৃঙ্খল পরিস্থিতির জন্য সভাপতি দায়ী থাকবেন।

## ছাত্র নেতৃবৃন্দের বিবৃতি

তেজগাঁও কলেজের সাবেক ছাত্র নেতা হাসান মঞ্জুর, আনিসুর রহমান আজাদ, সাইফুল আলম বাবু, নাসিরউদ্দিন, হাসান মাহমুদ, মোহাম্মদ হোসেন মহসিন, সাবেক ভিপি এএইচএম জাহাঙ্গীর হোসেন; সাবেক ভিপি আবু সুফিয়ান দুলাল, সাবেক ভিপি শমসের আলম শমসের এক বিবৃতিতে তেজগাঁও কলেজে আওয়ামী লীগ নেতাকে প্রিন্সিপাল নিয়োগের প্রতিবাদ জানিয়ে বলেন, তেজগাঁও কলেজের ১৩ জন সিনিয়র অধ্যাপক/ অধ্যাপিকাকে বাদ দিয়ে আওয়ামী লীগ নেতাকে কলেজ পরিচালনা কমিটির সভাপতি জনাব ডাঃ এইচবিএম ইকবাল, আওয়ামী লীগ নেতা ও জুনিয়র অধ্যাপক আব্দুর রশিদকে প্রিন্সিপাল নিয়োগের তীব্র প্রতিবাদ জানায়। বর্তমান তেজগাঁও কলেজে শিক্ষার পরিবেশ ধ্বংস করে তেজগাঁও কলেজকে ও কলেজ হোস্টেলকে ডাঃ এইচবিএম ইকবাল আওয়ামী নেতা আব্দুর রশিদকে প্রিন্সিপাল নিয়োগের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে আন্দোলন গড়ে তোলার আহবান জানিয়েছেন। তারা বলেন, ডাঃ এইচবিএম ইকবাল তেজগাঁ কলেজের প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল তোফায়েল আহমেদ চৌধুরী ও তেজগাঁও মহিলা কলেজের প্রিন্সিপালকে জোরপূর্বক অব্যাহতি দান করেই ক্ষান্ত হননি, বর্তমান দলীয় জুনিয়র অধ্যাপকদের প্রিন্সিপাল নিয়োগ করে তেজগাঁও কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে।